






চিত্র নং-১: ওএলএম ইন্টারফেস





চিত্র নং-২: নতুন ওএলএম আইডি/একাউন্ট খোলার ইন্টারফেস।




চিত্র নং-৩: ওএলএম আইডি/একাউন্ট লগ-ইন করার ইন্টারফেস।




চিত্র নং-৪: ওএলএম ড্যাশবোর্ড (ক)




চিত্র নং-৫: ওএলএম ড্যাশবোর্ড (খ)


## আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

### বাণিজ্য মন্ত্রণালয়

লেভেল-১৫, এনএসসি টাওয়ার,
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৫১৫৫৬,
ই-মেইলঃ controller.chief@ccie.gov.bd
**www.ccie.gov.bd**



প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি কর্তৃক প্রকাশিত।
(প্রকাশকাল আগস্ট, ২০২০ খ্রিঃ)


# অর্জন ও এল এম সেবা প্রবর্তন

‘সোনার বাংলা’ গড়ার প্রত্যয়ে আমদানিকারক ও রপ্তানিকারকদের জন্য ব্যবসাবান্ধব অনলাইন নিবন্ধন সেবা এখন আপনার দোরগোড়ায়

## অনলাইন লাইসেন্সিং মডিউল (ওএলএম)

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার প্রবর্তিত ‘ডিজিটাল বাংলাদেশ’ এর একটি সফল উদ্যোগ

## আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

**www.ccie.gov.bd**

২০১৫ সালে বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে বিশ্বব্যাংক গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান 'আইএফসি' এর 'সমঝোতা স্মারক'র প্রেক্ষিতে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে অনলাইন সেবা ওএলএম চালু করা হয়েছে গত ১লা জুলাই ২০১৯ হতে সারা দেশব্যাপী। ওএলএম চালুর পর ম্যানুয়েল পদ্ধতিতে নিবন্ধন বা সনদ প্রদান বন্ধ করে দেয়া হয়েছে।

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (সিসিআইএন্ডই) এর অনলাইন সেবা স্বচ্ছতা ও জবাবদিহীতামূলক। অনলাইন সেবার জন্যে কোন সেবামূল্য দিতে হয় না। এ সেবা প্রাপ্তির জন্য একবারই আবশ্যকভাবে একটি 'ওএলএম একাউন্ট/আইডি' খুলতে হয়। এর জন্যে প্রয়োজন নিজ/প্রতিষ্ঠানের সক্রিয় ই-মেইল এড্রেস (গুগল/ইয়াহু/ হটমেইল, ইত্যাদি) ও মোবাইল নম্বর।

মনে রাখবেন, আপনার 'ওএলএম একাউন্ট'টি দেয়া হবে স্থায়ীভাবে। এটি আপনার নিজস্ব একাউন্ট, অন্য কাউকে এর পাসওয়ার্ড দেবেন না। ভবিষ্যতে সনদ নবায়ন, তথ্য সংশোধন, স্লাব পরিবর্তন, ব্যাংক পরিবর্তনসহ সিসিআইএন্ডই এর সেবা পেতে সকল ক্ষেত্রে এ একাউন্ট'টি আপনাকে ব্যবহার করতে হবে। সেজন্যে গোপনীয় পাসওয়ার্ডটি নিরাপত্তার স্বার্থে নিজ তত্বাবধানে রাখুন এবং প্রয়োজনে সময়ে সময়ে নিজেই পরিবর্তন করে নিন।

## অনলাইন সেবা ও-এল-এম এর সুবিধাসমূহ

১) ঘরে বসে বা বিশ্বের যে কোন স্থান থেকে সেবা গ্রহণ করা যায়;
২) আবেদন দাখিল বা নিবন্ধন সনদ পেতে অফিসে আসার প্রয়োজন নেই;
৩) ডকুমেন্টস এর হার্ডকপি দাখিল করতে হয় না;
৪) আবেদনের অনুমোদন প্রক্রিয়া কোন পর্যায়ে ট্র্যাকিং করা যায়;
৫) দালাল বা মধ্যবর্তী লোকের সহায়তার প্রয়োজন নেই;
৬) সেবা গ্রহীতার সকল তথ্য কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করা হচ্ছে এবং
৭) অর্থ, শ্রম ও সময় সাশ্রয়ী।

**আপনি যদি আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টিং সার্ভিস রপ্তানিকারক হিসেবে প্রথমবারের মত নিজেকে নিবন্ধিত করতে চান, তবে**

আপনি আপনার নিজ/প্রতিষ্ঠানের নামে একটি নতুন 'ওএলএম একাউন্ট/আইডি' খুলুন এবং ঐ একাউন্ট / আইডি-তে ঢুকে ড্যাশবোর্ড থেকে 'আইআরসি' বা 'ইআরসি' অপসনে গিয়ে নির্ধারিত ফর্ম পুরণ করে এবং প্রয়োজনীয় ডকুমেন্টস এর স্ক্যান কপি আপলোড করে সাবমিট করুন। [চিত্র নং-১, ২, ৩ ও ৪ দ্রষ্টব্য]

**আপনি যদি আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টিং সার্ভিস রপ্তানিকারক হিসেবে গত বছর (২০১৯-২০২০) ও-এল-এম সিস্টেমে 'রি-রেজিস্ট্রেশন' করে সনদ নিয়ে থাকেন, অথবা**
**আপনি যদি গত বছর (২০১৯-২০২০) নতুন আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টিং সার্ভিস রপ্তানিকারক হিসেবে ও-এল-এম সিস্টেমের মাধ্যমে প্রথমবারের মত সনদ নিয়ে থাকেন, তাহলে --**

আপনি গোপনীয় পাসওয়ার্ড ও ই-মেইল এড্রেস লিখে আপনার 'ওএলএম একাউন্ট'এ লগ-ইন করুন এবং ড্যাশবোর্ড থেকে 'রিনিউ' অপসনে গিয়ে নির্ধারিত ফরম পুরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টস এর স্ক্যান কপি আপলোড করে দাখিল করুন। [চিত্র নং-১, ৩ ও ৫ দ্রষ্টব্য]

**আপনি যদি আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টিং সার্ভিস রপ্তানিকারক হিসেবে পূর্ব হতে নিবন্ধিত, কিন্তু গত বছর 'রি-রেজিস্ট্রেশন' করেননি অর্থাৎ ও-এল-এম সিস্টেমে যুক্ত হননি, তাহলে**

আপনি একটি নতুন 'ওএলএম একাউন্ট/আইডি' খুলে 'রি-রেজিস্ট্রেশন' অপসনে গিয়ে ফর্ম পুরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টস এর স্ক্যান কপি আপলোড করে দাখিল করুন এবং আবেদনের প্রিন্টেড কপিসহ অরিজিনাল সনদ ও পুরাতন নবায়ন বইটি সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসে জমা দিন।

**আপনি যদি আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টিং সার্ভিস রপ্তানিকারক হিসেবে গত বছর (২০১৯-২০২০) ও-এল-এম সিস্টেমে আবেদন করেও অদ্যাবধি সনদ না পেয়ে থাকেন, তাহলে --**

আপনার নিবন্ধন আবেদনে ডকুমেন্টস স্বল্পতা বা তথ্যগত বিষয়ে অত্র অফিসের পাঠানো এসএমএস/মেসেজের আলোকে অনলাইনে নির্দেশমতে ডকুমেন্টস (স্ক্যান কপি) আপলোড করুন ও জবাব দিন। আপনার একাউন্ট/ আইডি-তে ঢুকে ট্র্যাকিং করে আবেদনের অবস্থান জেনে নিন এবং প্রয়োজনে প্রধান নিয়ন্ত্রক বা সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তার সাথে টেলিফোন/ই-মেইল এর মাধ্যমে যোগাযোগ করুন। অতপর গত বছরের নিবন্ধন আবেদনের প্রেক্ষিতে 'সনদ' গ্রহণ করুন।

তারপর ২০২০-২১ অর্থ বছরের নবায়নের জন্য আপনার 'ওএলএম একাউন্ট'এ ঢুকে 'রিনিউ' অপসন থেকে নির্ধারিত ফর্ম পূরণ করে চালানসহ প্রয়োজনীয় ডকুমেন্টস এর স্ক্যান কপি আপলোড করে দাখিল করুন। [চিত্র নং- ১, ৩ ও ৫ দ্রষ্টব্য]।

# আমদানি রপ্তানি করবো হেসে অনলাইনে নিবন্ধন এখন ঘরে বসে